

বাংলাদেশ শিপিং কর্পোরেশন
চট্টগ্রাম।

সূত্র নং-১৮.১৬.০০০০.৩৫২.৬৫.০৮৮.১৮

তারিখঃ ২৭-০৫-২০১৯খ্রিঃ

বিষয়ঃ গত ২৫-০৪-২০১৯খ্রিঃ তারিখে অনুষ্ঠিত আইসিটি/ইনোভেশন সভার অগ্রগতি প্রতিবেদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নিম্নলিখিত ছকে অগ্রগতি প্রতিবেদন প্রদান করা হলোঃ-

ক্রমিক নং	অগ্রগতি
০১	<p>কার্যবিবরণীর ১ নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>ই-নথিতে অফিসিয়াল কার্যক্রম প্রায় ৮০% নিষ্পত্তি হচ্ছে। পত্রজারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে। বিএসসি নৌপরিবহন মন্ত্রণালয়ে ই-নথি কার্যক্রমে ১২টি সংস্থার মধ্যে বিএসসি তিনবার ১ম অবস্থানে ছিল চলতি মাসে ২য় অবস্থানে রয়েছে এবং সমগ্র বাংলাদেশে নবম অবস্থানে রয়েছে।</p> <p>ইতোমধ্যে ২টি উদ্ভাবনী উদ্যোগ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বর্তমানে এর বাস্তবায়ন প্রক্রিয়া যথাযথভাবে চলমান আছে। নিম্নে ২টি ইনোভেশন প্রকল্পের শিরোনাম প্রদান করা হলো।</p> <p>১। শিরোনামঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশনের মেরিন ওয়ার্কশপের শ্রমিক কর্মচারীদের উপস্থিতি ব্যবস্থাপনা এবং অধিকাল ভাতা প্রদান সহজীকরণ।</p> <p>২। শিরোনামঃ জাহাজে স্টোর ব্যবস্থাপনা ও মেরামত সংক্রান্ত সেবা সহজীকরণ।</p> <p>আইডিয়া ব্যংকে ইনোভেশন প্রকল্প “জাহাজে মালামাল সরবরাহের সেবা সহজীকরণ” আপলোড করা হয়েছে। ২০১৮-২০১৯ এ গৃহীত প্রকল্প ২টি স্বল্প সময়ের মধ্যে আপলোড করা হবে। এছাড়াও SIP (Small Improvement Project) এর তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</p>
০২	<p>কার্যবিবরণীর ২নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনার ২০১৮-১৯ এর কার্যক্রম নং- ৬.১ অনুযায়ী মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তরের সার্বিক আয়োজন বিআইডব্লিউটিএ এর সম্মেলন কক্ষে আগামী জুন ২০১৯ এ আয়োজিত শোকেসিং এ বিএসসি, যথারীতি অংশগ্রহণ করবে।</p>
০৩	<p>কার্যবিবরণীর ৩নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>আগামী মে-জুন ২০১৯ এ সুবিধাজনক সময়ে এ টু আই এর সহায়তায় বিআইডব্লিউ কর্তৃক ঢাকার বাইরে আয়োজিত ৫(পাঁচ) দিনের ইনোভেশন প্রশিক্ষণে মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বিএসসি যথারীতি অংশগ্রহণ করবে। ০৫ (পাঁচ) দিনের প্রশিক্ষণেও বিএসসি প্রতিনিধি প্রেরণ করবে।</p>
০৪	<p>কার্যবিবরণীর ৫নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>বিদেশ প্রশিক্ষণের মনোনয়নের জন্য কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়ের পরবর্তী সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।</p>
০৫	<p>কার্যবিবরণীর ৬নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>বিএসসি, চট্টগ্রাম বন্দর, এন এম আই, বাংলাদেশ মেরিন একাডেমীর নেতৃত্বে আগামী ২৯-০৪-২০১৯খ্রিঃ তারিখ হতে ০২-০৫-২০১৯খ্রিঃ তারিখ পর্যন্ত শিক্ষা সফর ও নলেজ শেয়ারিং কর্মসূচী সম্পন্ন করা হয়েছে।</p>
০৬	<p>কার্যবিবরণীর ৮নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>কার্যবিবরণীর ৮নং সিদ্ধান্তের আলোকে সকল তথ্যাদি বিএসসি'র ওয়েবসাইটে যথাযথভাবে হালনাগাদকৃত আছে। এতে ইনোভেশন কর্ণারে ইনোভেশন কার্যক্রম সর্বদাই আপলোড করা হচ্ছে।</p>
০৭	<p>কার্যবিবরণীর ৯নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনার ডকুমেন্টেশন এর “ছক” অনুযায়ী তথ্য সংযুক্ত করে যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।</p>
০৮	<p>কার্যবিবরণীর ১০নং সিদ্ধান্তের আলোকে অগ্রগতিঃ</p> <p>বার্ষিক উদ্ভাবন কর্ম পরিকল্পনার ৩.২ মোতাবেক ০২ (দুই) দিনের প্রশিক্ষণে বিএসসি প্রতিনিধি প্রেরণ করবেন।</p>

(মোঃ আমিনুল ইসলাম)
সঃমঃব্যঃ (অপাঃ) ও
ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তা

নির্বাহী পরিচালক (অর্থ) অঃদাঃ
৩
চীফ ইনোভেশন অফিসার